# যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা পরিকল্পনাকে ‘প্রহসন’ বলল ইরান




ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। ছবি: সংগৃহীত

ইরানকে অর্থনৈতিকভাবে বিচ্ছিন্ন করার যুক্তরাষ্ট্রের পরিকল্পনাকে ‘প্রহসন’ বলে মন্তব্য করেছে তেহরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই বলেছেন, ওয়াশিংটনের ঘোষিত অনেক নিষেধাজ্ঞাই আগে থেকেই কার্যকর রয়েছে।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বাঘেই বলেন, যুক্তরাষ্ট্রের এ নীতির কোনো বাস্তব অর্থ নেই। কারণ ওয়াশিংটন এমন কিছু নিষেধাজ্ঞার কথা বলছে, যেগুলো এরই মধ্যে কার্যকর রয়েছে।

বাহরাইনকে যুক্তরাষ্ট্রের এ উদ্যোগের সঙ্গে যুক্ত করার বিষয়টিও তুলে ধরেন বাঘেই। তিনি বলেন, বাহরাইনের সঙ্গে ইরানের উল্লেখযোগ্য কোনো অর্থনৈতিক লেনদেন নেই। এরপরও দেশটিকে সামনে রেখে যুক্তরাষ্ট্র নিজেদের অর্থনৈতিক চাপের উদ্যোগকে বড় করে দেখানোর চেষ্টা করছে।

এর আগে যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী স্কট বেসেন্ট জানান, ইরানের ওপর আর্থিক চাপ অব্যাহত রাখা নিয়ে তিনি বাহরাইনের অর্থমন্ত্রী শেখ সালমান বিন খলিফা আল খলিফের সঙ্গে আলোচনা করেছেন।

সূত্র: আল-জাজিরা।

LENS ASIA